



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

16 February 2026

7:35 AM IST

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আজ থেকে দিশপুৰে শুরু হছে ।
রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্যের ভাষণের মধ্য দিয়ে এই অধিবেশন শুরু
হবে । অধিবেশনের দ্বিতীয় দিন , আগামীকাল ২০২৬-২৭ অর্থ বছরের
অন্তর্বর্তী বাজেট পেশ করা হবে । আসন্ন বিধানসভা নির্বাচনের
পরিপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ বাজেটের পরিবর্তে অর্থ মন্ত্রী অজন্তা নেওগ অন্তর্বর্তী
বাজেট পেশ করবেন । আগামী মে মাসে নতুন সরকার শপথ নেওয়ার
পর পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হবে । আগামীকাল অন্তর্বর্তী বাজেট দাখিলের
পর রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা করা
হবে ।

উল্লেখ্য এই বাজেট অধিবেশন আগামী ১৯শে ফেব্রুয়ারী পর্যন্ত চলবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী মাসে শিলচর- শিলং -গুয়াহাটী হাইস্পীড
করিডর সড়কের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা
গতকাল দিশপুৰ জনতা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে

জানান যে শিলচর-শিলং-গুয়াহাটী হাইস্পীড সড়কটি শিলচর থেকে গুয়াহাটী পর্যন্ত যাত্রার সময় প্রায় ৫ ঘণ্টা হ্রাস করবে ।

এ বিষয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা সাংবাদিক সম্মেলনে জানান-----

বাইট

আসামে আরো চারটি নতুন বিমান বন্দর গড়ে তুলে হবে । এ সম্পর্কে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো জানান-----

বাইট

দেশের নির্বাচন কমিশনের একটি পূর্ণাঙ্গ দল আসাম বিধানসভা নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে খোঁজ-খবর নেবার উদ্দেশ্যে আজ গুয়াহাটী আসছে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে আসা দলটি প্রথমে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের সঙ্গে আলোচনায় মিলিত হয়ে বিধানসভা নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে অবগত হবে । দলটি আগামীকাল বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচন সম্পর্কে আলোচনা করবে । দলটি আগামী ১৮ই ফেব্রুয়ারি রাজ্যের একশো জন বৃহৎ পর্যায়ের আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করবে । এছাড়া রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশ সঞ্চালক প্রধানের সঙ্গেও নির্বাচন কমিশনের দলটি আলোচনায় মিলিত হবে । এরপর ১৮ই ফেব্রুয়ারী বিকেলে নির্বাচন কমিশনের পক্ষ থেকে একটি সাংবাদিক সম্মেলনেরও আয়োজন করা হয়েছে ।

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় আজও ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে মহাশিবরাত্রী উৎসব পালন করা হচ্ছে । উপত্যকার ঐতিহ্যবাহী ভুবন তীর্থে মহাশিবরাত্রী উপলক্ষে ভুবন মেলা শুরু হয়েছে । গত দু দিন থেকে পূণ্যার্থীরা ভুবন বাবার দর্শনের জন্য ভুবন পাহাড়ে উঠছেন । তীর্থযাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে কাছাড় জেলা প্রশাসন ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে । পুলিশ প্রশাসনের উদ্যোগে মতিনগর বাজারে একটি অস্থায়ী কন্ট্রোল রুম খোলা হয়েছে । পাহাড়ে চড়ার প্রধান দুটি পথ কৃষ্ণপুর ও মতিনগর রোডে অতিরিক্ত পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে । পাহাড়ের চূড়ায় ভুবন মন্দির প্রাঙ্গণ ও মেলাস্থলে পুরুষ ও মহিলা পুলিশ নিয়োজিত করা হয়েছে । এছাড়াও নেশা জাতীয় দ্রব্য বহন প্রতিরোধে আসাম আবগারী বিভাগ চেকপোস্ট স্থাপন করেছে । তল্লাশির পরই তীর্থযাত্রীদের পাহাড়ে চড়ার অনুমতি দেওয়া হচ্ছে ।

তীর্থযাত্রীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য স্বাস্থ্য বিভাগ স্থানে স্থানে বেশ কয়েকটি স্বাস্থ্য শিবির স্থাপন করেছে । আইন শৃঙ্খলা রক্ষায় ম্যেজিস্ট্রেট ও নিয়োগ করা হয়েছে । তীর্থযাত্রীদের সুবিধার্থে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে ভুবনতীর্থ উন্নয়ন ও মেলা পরিচালন কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে ।

উপত্যকার প্রাচীন এবং ঐতিহ্যবাহী শিবমন্দির সিদ্ধেশ্বর শিব মন্দিরেও আজ মহাশিবরাত্রী উপলক্ষে মহাদেবের পূজার্চনা করা হচ্ছে । উপত্যকার তিন জেলা ছাড়াও পাশ্চবর্তী রাজ্য ত্রিপুরা , মিজোরাম

এবং মণিপুর থেকে বহু ভক্ত মন্দিরে এসে শিবের আরাধনা করছেন
।

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে
দিগর কাশীপুর থেকে ভায়া ছাণ্ণানহাল হয়ে কাঠিয়া বস্তী পর্যন্ত সড়কে
একটি কালভাটের সংস্কার কাজের জন্য আগামী ১৪ই এপ্রিল পর্যন্ত , এই
সড়ক দিয়ে সবধরনের ভারী যান চলাচল বন্ধ থাকবে । জনসাধারণের এই
অসুবিধার জন্য পূর্ত বিভাগ থেকে দুঃখ প্রকাশ করা হয়েছে ।
